Sanatan Dharma

---

**ফাল্গুন মাস জুড়ে পালন করুন এই নিয়ম**

## ফাল্গুন মাস জুড়ে পালন করুন এই নিয়ম, সমস্ত বাধা কাটিয়ে উঠতে পারবেন সহজেই

বাংলার ১২ মাসের মধ্যে ফাল্গুন মাস বিষ্ণু ও শিব ভক্তদের অনুকূল বলে মনে করা হয়। ঠিক এই কারনেই বিষ্ণু ও শিবের মন্দিরে হাজার হাজার ভক্তদের সমাগম হয়ে থাকে। কারণ এই মাসেই পালিত সকল ব্রতের সেরা শিবচতুর্দশী ব্রত বা মহাশিবরাত্রি ব্রত। তাই এই মাসে নিষ্ঠা সহকারে কয়েকটি বিশেষ নিয়ম পালন করে দেবাদিদেব মহাদেব তুষ্ট হন সহজেই। তাই ফাল্গুন মাস জুড়ে মেনে চলুন এই সাধারণ নিয়মগুলি তাহলেই ঈশ্বরের কৃপাদৃষ্টি বজায় থাকবে আপনার উপর। জেনে নেওয়া যাক সেই নিয়মগুলি-

1.ফাল্গুন মাসের প্রতিদিন সন্ধ্যাবেলা পূর্ব পুরুষের উদ্দেশে প্রদীপ দান করুন। পুরো মাস এই নিয়ম পালন করুন প্রতিদিন সন্ধ্যে বেলা।

2.সম্ভব হলে প্রতি সোমবার সকালে স্নান সেরে শিবলিঙ্গে জল ঢালুন। তিনটি নিখুঁত বেলপাতা ও বাতাসা দিলেই তুষ্ট হন মহাদেব।

3.প্রদীপ জ্বালিয়ে এক মনে স্মরণ করুন মহাদেবের, আরাধনা করুন। মহাদেব সন্তুষ্ট হলে আপনার সকল মনোবাঞ্ছা পূরণ করবেন।

4.এই মাসে কোনও দুঃস্থ ব্যক্তি সাহায্য চাইলে তাকে ফেরাবেন না। সাধ্যমত দান করুন, সব সময় আর্থিক দান হতে হবে তা নয়। আপনার যেমন সাধ্য সেই মতই দান করুন।

5.পরিষ্কার পরিচ্ছন্ন রাখুন বাড়ির আনাচ-কানাচ, এই মাসে ঘর-বাড়ির কোনও অংশ নোংরা করে রাখবেন না।

6.সেই সঙ্গে বাড়ির প্রধান দরজার সামনে সকাল বেলা ঘুম থেকে উঠেই ঘর থেকে কেউ বাইরে যাওয়ার আগে দরজার সামনের অংশ জল দিয়ে ধুয়ে দিন।

পুরো ফাল্গুন মাস জুড়ে পালন করুন এই কটি নিয়ম। তাহলেই ঈশ্বরের কৃপাদৃষ্টি বজায় থাকবে আপনার উপর। জীবনের সমস্ত বাধা কাটিয়ে উঠতে পারবেন সহজেই।

Published on: Feb, 19 2023 10:50